

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৫. ২১. গর্দভী ও গর্দভশাবক না শুধু গর্দভশাবক?

মথি লেখেছেন, জেরুজালেমের কাছে যাওয়ার পরে যীশু তাঁর দু'জন শিষ্য বা সাহাবীকে নিকটবর্তী গ্রামে পাঠান 'গাধী ও তার সাথে তার বাচ্চাটিকে' খুলে আনার জন্য। শিষ্যদ্বয় 'গাধীটিকে ও বাচ্চাটিকে' খুলে এনে যীশুকে দেন এবং যীশু উভয়ের উপর আরোহণ করেন। বাকি তিন ইঞ্জিল লেখেছে যে, যীশু তাঁর দুজন শিষ্যকে প্রেরণ করেন 'গাধার বাচ্চাটিকে' নিয়ে আসতে। তারা সেটিকে আনেন এবং যীশু সেটির উপরে আরোহণ করেন। (মথি ২১/১-৭; মার্ক ১১/১-৮; লূক ১৯/২৮-৩৬; যোহন ১২/১৪)

পরবর্তী তিন ইঞ্জিলের সাথে মথির বৈপরীত্য সুস্পষ্ট। বাইবেল বিশেষজ্ঞরা বলেন যে, মথি ইচ্ছাকৃতভাবে ঘটনা বিকৃত করেছেন। কারণ তিনি এ ঘটনাটাকে সখরিয় বা জাকারিয়ার একটা বক্তব্যের সাথে সম্পৃক্ত করতে চেয়েছেন। জাকারিয়ার বক্তব্য হিব্রু বাইবেলে নিম্নরূপ: "তিনি গাধার উপরে, গাধীর বাচ্চার উপরে চড়ে আসছেন"। বাংলা বাইবেলেও এরূপই লেখা হয়েছে (সখরিয়/ জাকারিয়া ৯/৯ ও মথি ২১/৫)। কিন্তু পুরাতন নিয়মের গ্রিক অনুবাদ বা সেপ্টুআজিন্টে এখানে 'এবং' শব্দ যোগ করা হয়েছে: 'তিনি গাধার উপরে এবং গাধীর বাচ্চার উপরে চড়ে আসছেন।' মথির লেখক গ্রিক অনুবাদের উপর নির্ভর করেছিলেন। এজন্য যীশুর কর্মকে সখরিয়র কথার সাথে মেলানোর জন্য যীশুকে গাধা ও গাধীর বাচ্চার উপরে একত্রে আরোহণ করিয়েছেন। দুটো পশুর উপর একত্রে আরোহণ করা যে অসম্ভব তা তিনি বিবেচনা করতে রাজি হননি।[1]

ফুটনোট

[1] Louay Fatoohi, The Mystery of the Historical Jesus, p 348-350.

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14017>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন